বিদ্যুৎ ও জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো**
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা
www.bomd.gov.bd

খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ডিসেম্বর, ২০২০ মাসের অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ নুরুন্নবী, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো
তারিখ : ২৪ ডিসেম্বর ২০২০
সময় : ১১.০০ টায়
স্থান : খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর সভা কক্ষ।

উপস্থিত সদস্য : পরিশিষ্ট-ক

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতি সভার শুরুতে সকলকে করোনা পরিস্থিতিতে স্বাস্থ্য বিধি মেনে কাজ করতে বলেন। স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক প্রণীত গাইডলাইন সকলকে অনুসরণ করে কাজ করার নির্দেশনা প্রদান করেন। সভাপতি সভার শুরুতে এ ব্যুরোর সার্বিক কার্যক্রমের উপর বিস্তারিত আলোচনা করেন। অত:পর আলোচ্যসূচী অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

১। গত ২৯.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিত করা হয়।

২। গত ২৯.১১.২০২০ তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা ও অন্যান্য প্রয়োজনীয় বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| ক্র.নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ২.১ | **সংশোধিত বাজেট, ২০২০-২০২১ প্রনয়ন**<br>সভাপতি খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরোর ২০১৯-২০ অর্থবছরের মধ্যমেয়াদি সংশোধিত বাজেট প্রাক্কলন নিয়ে আলোকপাত করেন। অনাবশ্যক ব্যয় পরিহার করে বাজেট পরিপত্রের নির্দেশনা যথাযথ অনুসরণপূর্বক সংশোধিত বাজেট প্রনয়নের নির্দেশনা প্রদান করেন। | নির্ধারিত তারিখের মধ্যে ২০২০-২০২১ অর্থবছরের সংশোধিত বাজেট প্রাক্কলন প্রস্তুত করে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী পরিচালক (ভূতত্ত্ব) |
| ২.২ | **e-Licence and Lease Management system বাস্তবায়ন:**<br>রুপকল্প, ২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ বিনীর্মাণের লক্ষ্যেকে সামনে রেখে মন্ত্রিপরিষদ বিভাগ ও এটুআই-এর সহায়তায় খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো | e-Licence and Lease | সংশ্লিষ্ট কর্মকর্তাগণ |

29/12/2020.

| | | | |
|---|---|---|---|
| | (বিএমডি)-এর সকল নাগরিক সেবাকে ডিজিটাল ই-সেবায় রূপান্তরের নিমিত্ত ই-সার্ভিস রোডম্যাপ, ২০২১ প্রণয়ন করা হয়। এছাড়া, জাতীয় তথ্য প্রযুক্তি নীতিমালা, ২০১৮-এর কৌশলগত উদ্দেশ্য অনুযায়ী সকল নাগরিক সেবাকে ২০২১ সালের মধ্যে শতভাগ ডিজিটাল ই-সেবায় রূপান্তরের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা রয়েছে। বিএমডির নাগরিক সেবাসমূহকে (অনুসন্ধান লাইসেন্স, খনি ইজারা ও কোয়ারি ইজারা) ই-সেবায় রূপান্তরের নিমিত্ত e-Licence and Lease Management system নামক একটি সফটওয়্যার তৈরির কাজ বর্তমান চলমান রয়েছে। ই-সেবাটির অগ্রগতির বিষয়ে সভাপতি জানতে চাইলে বিএমডির সহকারী পরিচালক (সংযুক্ত) ও ই-সেবা সংক্রান্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তা এস.এম. আশরাফুল আবেদীন আশা জানান, e-Licence and Lease Management system সফটওয়্যারটি বর্তমানে 'System Deployment and User Acceptance Test' পর্যায়ে রিভিউ/ভেটিং করা হচ্ছে অচিরেই তা শেষ হবে। রিভিউ শেষ হলে সিস্টেমটি পাইলটিং এর জন্য তৈরি হয়ে যাবে। তিনি আরও জানান সফটওয়ারটির কোয়ালিটি টেস্টিং ও ন্যাশনাল ডাটা সেন্টারে হোস্টিং এর জন্য বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর নিকট অনুরোধ জানিয়ে পত্র প্রেরণ করা হয়েছে। সফটওয়ারটির পাইলটিং এর বিষয়েও সভায় আলোচনা করা হয়। আলোচনায় হবিগঞ্জ জেলার গেজেটভুক্ত সিলিকাবালু কোয়ারিসমূহ ইজারা প্রদানের মাধ্যমে e-Licence and Lease Management system-এর পাইলট বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়।<br><br>বিস্তারিত আলোচনা শেষে সভাপতি ভেটিং/রিভিউ এর কাজ দ্রুত শেষ করে পাইলট বাস্তবায়নের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | Management system রিভিউ/ভেটিং এর কাজ দ্রুত শেষ এবং হবিগঞ্জ জেলায় পাইলট বাস্তবায়নের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | |

২৭/১২/২০২০.

| | | | |
|---|---|---|---|
| ২.৩ | **তৃতীয় শ্রেণির কর্মচারী নিয়োগ**<br>সভাপতি খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর রাজস্ব খাতভুক্ত ০৯ (নয়) টি শূন্যপদে অস্থায়ীভিত্তিতে নিয়োগের লক্ষ্যে বিভাগীয় নির্বাচন কমিটি পুণ:গঠনের জন্য নির্দেশনা প্রদান করেন। তিনি বলেন, জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী কমিটির আহ্বায়ক বা সভাপতি পরিচালক/সদস্য (যুগ্মসচিব পদমর্যাদার) কর্মকর্তা হতে হবে। কিন্তু বিএমডিতে উক্ত পদমর্যাদার কোন কর্মকর্তা না থাকায় মহাপরিচালক মহোদয়কে আহ্বায়ক/সভাপতি করে এবং জনপ্রশাসন, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ ও বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের একজন করে প্রতিনিধি এবং বিএমডির উপপরিচালক জনাব মোঃ মামুনুর রশীদকে সদস্য সচিব করে ০৫ (পাঁচ) সদস্যের একটি কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন। | ০৫ (পাঁচ) সদস্যের একটি বিভাগীয় নির্বাচন কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৪ | **খনি/কোয়ারি সরেজমিন পরিদর্শন**<br>সভাপতি বলেন, ইজারাগ্রহীতা কর্তৃক দেশের বিভিন্ন খনি ও কোয়ারিতে খনি ও খনিজ সম্পদ বিধিমালা, ২০১২ এর বিধি-বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করে খনি এবং কোয়ারি কার্যক্রম পরিচালনা করা হচ্ছে কিনা তা তদারকির জন্য বিএমডি কর্তৃক নিয়মিত সরেজমিন পরিদর্শন কার্যক্রম পরিচালনা করতে হবে। বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে ২৫ (পঁচিশ) টি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিলের লক্ষ্যমাত্রা রয়েছে। ইতোমধ্যে ১৪ টি সরেজমিন পরিদর্শন প্রতিবেদন দাখিল হয়েছে মর্মে উপপরিচালক (খনি ও খনিজ ) (চলতি দায়িত্ব) সভাকে অবহিত করেন। সভাপতি জানুয়ারি, ২০২১ এ আর ০৪ টি কোয়ারি সরেজমিন পরিদর্শনের নির্দেশনা প্রদান করেন। খনিজ সম্পদের অবৈধ উত্তোলন বন্ধে স্থানীয় প্রশাসনের সমন্বয়ে একযোগে কাজ করার ব্যবস্থা করতে হবে। | ক) প্রতি মাসে কোয়ারি পরিদর্শন বাড়াতে হবে এবং উর্ধ্বতন কর্মকর্তাদের সাথে যোগাযোগ রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>খ) অঞ্চল ভিত্তিক পরিদর্শন করে হালনাগাদ তথ্য উপস্থাপন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২.৫ | **২০১৯-২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন অগ্রগতি**<br>খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০১৯-২০২০ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন মুদ্রণের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিভিন্ন সরকারি দপ্তরে প্রেরণসহ অন্যান্য কাজে ব্যবহারের জন্য ৫০০ কপি বার্ষিক প্রতিবেদন মুদ্রণ করা প্রয়োজন। এ বিষয়ে বাজারদর যাচাই করে দেখা যায় যে, ৫০০ কপি মুদ্রণের জন্য আনুমানিক ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা প্রয়োজন। মুদ্রণের পদ্ধতি নিয়েও সভায় আলোচনা হয়। উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM)’তে মুদ্রণ | ২৭ ডিসেম্বর কোটেশন আহ্বানের সিদ্ধান্ত গৃহীত হয় । | বার্ষিক প্রতিবেদন প্রণয়ন কমিটি |

২৮/১২/২০২০

| | | | |
|---|---|---|---|
| | করতে হলে কমপক্ষে ২টি দৈনিক পত্রিকায় বিজ্ঞাপন দেওয়া প্রয়োজন। সেক্ষেত্রে ২টি পত্রিকায় বিজ্ঞাপন বাবদ আনুমানিক ৫০,০০০/--৬০,০০০/- (পঞ্চাশ হাজার-ষাট হাজার) টাকা ব্যয় হতে পারে। এতে দেখা যায়, মোট খরচের অতিরিক্ত প্রায় অর্ধেক টাকা বিজ্ঞাপন ব্যয় মিটানোর জন্য প্রয়োজন হবে। কোটেশনের মাধ্যমে বার্ষিক প্রতিবেদন মুদ্রণ করলে সরকারি অর্থের সাশ্রয় হবে। কোটেশনের মাধ্যমে বার্ষিক প্রতিবেদন মুদ্রণ যুক্তিযুক্ত মর্মে সভায় একমত পোষণ করা হয় এবং আগামী ২৭ ডিসেম্বর স্পেসিফিকেশন অনুযায়ী মুদ্রণ/ছাপানোর জন্য প্রকৃত প্রকাশনা/মুদ্রণকারী/সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে কোটেশন আহ্বানের জন্য বলা হয়। | | |

৩.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/১২/২০২০.

(মোঃ নুরুন্নবী)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
ফোন : ৮৩৯১৫৬৭
ফ্যাক্স : ৯৩৩৪২১৫
ই-মেইল : dg@bomd.gov.bd

নং-২৮.০৭.০০০০.০৪.০৬.০০৮.১৮.৬০৫ তারিখ : ১৩ পৌষ ১৪২৭ / ২৮ ডিসেম্বর ২০২০

অনুলিপি : অবগতি/অবগতি ও কার্যার্থে

১। সিনিয়র সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
২। উপপরিচালক (সকল),................ বিএমডি, ঢাকা;
৩। সহকারী পরিচালক (সকল)............................................বিএমডি, ঢাকা;
৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বিএমডি, ঢাকা;
৫। অফিস কপি।

২৮.১২.২০২০

মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)